ভোরের কাগজ

NOV. 19 2002

রাজশাহী কলেজ

# পরিসংখ্যান বিভাগের শিক্ষার্থীদের মাস্টার্স পরীক্ষা বর্জন

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা, রাজশাহী : রাজশাহী সরকারী কলেজের পরিসংখ্যান বিভাগের মাস্টার্স শেষ পর্বের শিক্ষার্থীরা পরিসংখ্যান বিষয়ের সকল পরীক্ষা বর্জন করে নতুন প্রশ্নপত্রের মাধ্যমে পুনরায় পরীক্ষা নেয়ার দাবি জানিয়েছে। সোমবার পরিসংখ্যান বিভাগের ৫৯ ছাত্র-ছাত্রী এক যুক্ত বিবৃতিতে এ দাবি জানায়। বিবৃতিতে শিক্ষার্থীরা অভিযোগ করে জানায়, বিগত বছরের প্রশ্নপত্রের প্রচলিত নীতিমালাকে উপেক্ষা করে শিক্ষার্থীদের পাশ ঠেকানোর নীতি অনুসরণের মাধ্যমে প্রশ্নপত্র তৈরি করা হয়েছে। ফলে প্রথমপত্রে সর্বোচ্চ ২২

পরীক্ষা ঃ পৃঃ ১১ কঃ ৫

## পরীক্ষা ঃ বর্জন

(১ম পৃষ্ঠার পর)

শতাংশ এবং দ্বিতীয়পত্রে সর্বোচ্চ ৮ ভাগ প্রশ্ন কমন পড়ে।

বিবৃতিতে উল্লেখ করা হয়, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০০০ সালের মাস্টার্স শেষ পর্বের ফাইনাল পরীক্ষা শুরু হয় ১১ ই নভেম্বর। পরিসংখ্যান বিভাগের পরীক্ষা শুরু হয়েছে ১২ ই নভেম্বর থেকে। প্রথমপত্রের পরীক্ষা অনুষ্ঠিত হয় ১২ ই নভেম্বর। দ্বিতীয়পত্রের পরীক্ষা ১৭ ই নভেম্বর অনুষ্ঠিত হয়: কিন্তু প্রশ্নপত্র কমন না পড়ায় শিক্ষার্থীরা পরীক্ষা বর্জন করে।

শিক্ষার্থীরা বিবৃতিতে বিগত বছরগুলোর ধারা অনুসরণ করে নতুন প্রশ্নপত্র প্রণয়নের মাধ্যমে পুনরায় পরীক্ষা গ্রহণের দাবি জানিয়েছে। ১২ ও ১৭ই নভেম্বর অনুষ্ঠিত প্রথম ও দ্বিতীয়পত্রের পরীক্ষা ছাড়াও ২২শে নভেম্বর এবং ২০ শে ডিসেম্বর যথাক্রমে তৃতীয় ও পঞ্চমপত্র এবং ২২শে জানুয়ারি অনুষ্ঠেয় কমপ্রিহেনসিভ পরীক্ষাও বর্জনের ঘোষণা দেয়া হয়।

রাজশাহী সরকারী কলেজ অধ্যক্ষ প্রফেসর আবদুল বাছির ঘটনার সত্যতা স্বীকার করে জানান, এব্যাপারে থানায় কোন অভিযোগ কিংবা মামলা করা হয়নি।